গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইন শাখা।
www.rdcd.gov.bd



নং-৪৭.০০.০০০০.০৪৪.০৪.০০৩.২০-৫২

২৯ মাঘ ১৪৩০
তারিখঃ----------
১২ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপত্র।**

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাধীনে আপনাকে বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো:

শর্তাবলীঃ

০১। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্যানেল আইনজীবি হিসেবে এ নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য (পত্রিকার বিজ্ঞপ্তি মোতাবেক) কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে এ নিয়োগ রহিত/বাতিল করা যাবে।

০২। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোন প্রকার বেতন-ভাতা বা সম্মানী দেয়া হবে না।

০৩। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য আপনাকে সরকার নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফি প্রদান করা হবে।

০৪। সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি বাধ্য থাকবেন।

০৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ আপনার কাছ থেকে যে কোন বিচারাধীন মামলা যে কোন সময়/পর্যায়ে ফেরৎ নিয়ে অন্য কোন আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তি পত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।

০৬। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইনজীবী দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।

০৭। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্যানেলভুক্ত থাকাকালীন আপনি এ বিভাগের মামলা সংক্রান্ত কোন বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান কিংবা এ বিভাগের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিপক্ষকে সমর্থন করতে পারবেন না।

০৮। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ সংস্থা/দপ্তর/প্রকল্পের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ভুল ত্রুটির কারণে সরকার কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ভূত যাবতীয় ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন।

০৯। আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও অবস্থা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন শাখাকে যথাসময়ে অবহিত করতে হবে। তাছাড়া আপনার চেম্বার/বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে অবহিত করতে হবে।

১০। আপনার কোন ভুল-ভ্রান্তি/অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুন্ন হলে তার দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

১১। আপনার পরিচালনাধীন সকল মামলা আদালতের ধার্য গৃহীত তারিখে কার্যক্রম একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

১২। আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিকট প্রতি তিন মাস অন্তর দাখিল করতে হবে। এছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় উক্তরূপ মামলার অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩। মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইন শাখাকে অবহিত করতে হবে। ফোন নাম্বার : +৮৮-০২-৪৭১২৪৪৩৬ (অফিস)/সিনিয়র সহকারী সচিব মোবাইল নম্বর : +৮৮-০১৭১৮-৩২৮৫৯৮

১৪। আপনি নিজ দায়িত্বে কোন ডকুমেন্ট প্রয়োজনে বাংলা হতে ইংরেজীতে অথবা ইংরেজী হতে বাংলায় ভাষান্তর করবেন। এছাড়া মামলার প্রয়োজনীয় কাগজপত্রাদি নিজ দায়িত্বে সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহ করবেন।

১৫। উপরি-উক্ত শর্তসমূহে আপনি সম্মত থাকলে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আপনাকে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে উল্লিখিত ১৪টি শর্ত লিপিবদ্ধক্রমে চুক্তি স্বাক্ষর করতে হবে এবং যোগদানপত্র/সম্মতিপত্র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয় বরাবরে দাখিল করতে হবে।

১২/০২/২০২৪

(মোঃ আনিচুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৪৭১২৪৪৩৬
E-mail: law.section@rdcd.gov.com

প্রাপকঃ
মোঃ বদরুল ইসলাম
পিতা- মৃত মোঃ আব্দুল করিম
মাতা- ফাতেমা বেগম

বর্তমান ঠিকানা- বিরোটি, ১/২-বি (৩য় তলা), মনেসর রোড, পোঃ জিগাতলা, ধানমন্ডি, ঢাকা- ১২০৯।

স্থায়ী ঠিকানা- মিয়াপারা (পাঁচ রাস্তা মোর), পোঃ জামালপুর, থানা- জামালপুর, জেলা- জামালপুর।
মোবাইল- ০১৭১৫০৮৭২৭৯, ০১৮১৭০৫৩৩৯৭

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা।
৩। উপসচিব (বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা।
৬। অফিস কপি।